



তথ্যবিবরণী

নম্বর: ১০৮

রাসিকের ভ্রাম্যমাণ আদালতে তিন জনকে নয় হাজার টাকা অর্থদণ্ড

রাজশাহী ; ১০ অগ্রহায়ণ (২৫ নভেম্বর) :

আজ সোমবার (২৫ নভেম্বর) রাজশাহী মহানগরীতে চলাচলকারী লাইসেন্সবিহীন অটো ও চার্জার রিক্সা বন্ধে নগরভবন হতে স্বপ্নচুড়া মার্কেটের মোড় পর্যন্ত এলাকায় রাজশাহী সিটি করপোরেশনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাদিয়া আফরিন এর নেতৃত্বে এক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

ব্যটারী চালিত চার্জার রিক্সার লাইসেন্স নবায়ন ও বৈধ কাগজপত্র না থাকায় স্থানীয় সরকার (সিটি করপোরেশন) আইন ২০০৯ এর ৯২ (৩) এবং মোবাইল কোর্ট আইন ২০০৯ এর ২৪ (১) ধারায় ৩টি মামলা দায়ের করে ৩ জনের নিকট হতে ৯ হাজার টাকা অর্থদণ্ড আদায় করা হয়।

রাণীনগর এবং তালাইমারী বৌ বাজারে মরা গরুর মাংস বিক্রির দায়ে একজনকে আটক করে ৫ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে ৫ দিন সশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

এছাড়াও সিএভবি মোড় থেকে শিশু একাডেমি মোড় পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে সকল প্রকার অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয় এবং আটককৃত মালামাল নগরভবনের নির্দিষ্ট স্থানে রাখা হয়।

অভিযানকালে সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট লিয়াকত সালমান, রাসিকের ভ্যাটেরিনারী সার্জন ডাঃ ফরহাদ উদ্দিন, সংশ্লিষ্ট কর্মকর্তা ও আইন শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

.....

আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/১৬:৪০ঘ.